# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

**১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।**

ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ **dkibbd@gmail.com**, ওয়েবঃ-**www.dkib.org**

২৪/০১/২০২০ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ২৪/০১/২০২০ইং শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা সংগঠনের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন জনাব মোঃ আবুল বাসার, মহাসচিব(ভারপ্রাপ্ত), ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন  থেকে তেলাওয়াত করেন জনাব একেএম আব্দুস সাত্তার করিম, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সভাপতি এবং পবিত্র ত্রিপিটক পাঠ করেন বাবু শান্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

গত সভার পর হতে অদ্যাবদি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যুবরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং মোঃ আলফাজ উদ্দিন, মহাসচিব, মোঃ নাসির উদ্দিন বিশ্বাস মুকুল, সহ-সভাপতি, মোঃ আবুল কালাম খান, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটিসহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন জনাব একেএম আব্দুস সাত্তার করিম, সহ-সাংগঠনিক সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সভাপতি জনাব এ টি এম আবুল কাশেম। মুজিব বর্ষ উপলক্ষ্যে তিনি স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। মুজিব বর্ষে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কর্তৃক গৃহীত বর্ষব্যাপী কর্মসূচী গুলো যাথাযথ ভাবে পালন করার জন্য সকল ডিপ্লোমা কৃষিবিদ ভাই বোনদেরকে উদাত্ত আহবান জানান। বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর সাবেক মহাসচিব, বগুড়া সারিয়াকান্দি-সোনাতলা থেকে নির্বাচিত সংসদ সদস্য জনাব কৃষিবিদ আব্দুল মান্নান, এমপি মহোদয়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং তার আত্মার মাগফেরাত কামনা করেন। শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। তিনি উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের **Self Drawing Officer** হিসেবে ১০ম গ্রেড বেতন স্কেল বাস্তবায়নে **Fixation** পদ্ধতির অগ্রগতি, উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতি, ২০% কোটায় পদোন্নতিসহ সাংগঠনিক অগ্রগতির বিষয়ে আলোচনা করেন। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন। তিনি মহাসচিব (ভারপ্রাপ্ত) সাহেবকে সভার আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনা করার আহ্বান জানান।

মহাসচিব (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আবুল বাশার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর আলোচনা করেন এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করেন।

অতপর গত ০৬/১২/২০১৯ইং তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-

সিদ্ধান্ত-০১ঃ (ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ বিভিন্ন বিভাগ/সংস্থায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বেতন স্কেল ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করে কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১০৪১ তারিখ ২২/১০/২০১৮ মূলে যে প্রজ্ঞাপন জারী করা হয়েছে এতে ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদার বিষয়ে কোন সুনিদিষ্ট দিক নির্দেশনা না থাকায় মাঠে ময়দানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ গভীর ক্ষোভ ও হতাশায় ভুগছেন। অনতিবিলম্বে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদা প্রদানের সুব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়, কৃষি মন্ত্রণালয় এবং মাননীয় সচিব মহোদয়, কৃষি মন্ত্রণালয় বরাবর পুনরায় জোর দাবী জানানো হলো।

(খ) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১০৪১ তারিখঃ ২২/১০/২০১৮ইং মূলে জি.ও জারীর পর গত ১৯/০৩/২০১৯ইং তারিখে স্মারক নং ১৭১২(১২৮২) এর মাধ্যমে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয় উক্ত জি.ও টি পৃষ্ঠাংকন করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তর সহ প্রয়োজনীয় স্থানে পত্র প্রেরণ করেন। উপজেলা কৃষি কর্মকর্তা/মেট্রোপলিটন কৃষি অফিসার/থানা সার্কেল কৃষি অফিসার/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উক্ত পত্রটি সংশ্লিষ্ট সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে পৃষ্ঠাংকন করে কর্মরত

সকল ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের সার্ভিস বহিতে লিপিবদ্ধ করার সুব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে অনুরোধ করা হলেও অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয় এই যে, অদ্যাবদি কোন কৃষি কর্মকর্তাই এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় অত্র সভায় তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করা হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

(গ) বর্তমানে অনেক উপজেলা কৃষি অফিসে বেতন কোড নির্দিষ্টকরন সহ বিভিন্ন জটিলতার কারনে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ সমমান পদধারীগণ ১০ম গ্রেডে **Self Drawing Officer** হিসেবে বেতন পাচ্ছেন না এবং কারো কারো বেতন বন্ধ রয়েছে। এমতাবস্থায় কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১৪৩০ তারিখঃ১৪/১১/২০১৯ইং মূলে প্রেরীত পত্রটি পৃষ্ঠাংকন করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তরসহ প্রয়োজনীয় স্থানে প্রেরণ করে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের বেতন কোড নিদিষ্টকরণ সহ অর্থ পূনঃউপযোজন করে বেতন প্রাপ্তির সুব্যবস্থা করার জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

<u>সিদ্ধান্ত-০২</u>ঃ বিগত ৬ই এপ্রিল ২০১৭ইং তারিখে “কৃষিবিদ ইনস্টিটিউশন” প্রাঙ্গনে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ মহাসম্মেলনে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা মহানগরীতে একখন্ড জমি বরাদ্দের ঘোষণাদান করেন। তৎপ্রেক্ষিতে তদানিন্তন সময়ে কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী সহ সেই সময়ে কর্মরত জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ সিনিয়র সচিব মহোদয় সহ উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাননীয় সাবেক মহাপরিচালক জনাব মোঃ আব্দুল আজিজ ১৫/১০/২০১৭ইং তারিখ ১১৩৬৫নং স্মারকে মেট্রোপলিটন কৃষি অফিসারের কার্যালয়, মোহাম্মদপুর, ১৪৬/১, জাফরাবাদ, শংকর, ঢাকা-১২০৭ এ প্রয়োজনীয় কক্ষ ব্যবহারের অনুমতি প্রদান করেন এবং পরবর্তীতে সাবেক মহাপরিচালক জনাব মোঃ মোবারক আলী ০১/১১/২০১৭তারিখ ১২১৬৫ নং স্মারকে ঐ স্থানে সামনের খালি জায়গাটিতে একটি অস্থায়ী টিনসেড ঘর তৈরীর অনুমতি প্রদান করেন। সে প্রেক্ষিতে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশের নিজস্ব অর্থায়নে বরাদ্দকৃত স্থানে টিনশেড বিল্ডিং নির্মান করে ইনস্টিটিউশনের কার্যক্রম পরিচালনা করে আসছে। যাহা ২৪ ফেব্রুয়ারী ২০১৮ তারিখে ঢাকা -১৩ আসনের সাবেক মাননীয় সংসদ সদস্য জনাব এডভোকেট জাহাঙ্গীর কবির নানক মহোদয় শুভ উদ্বোধন করেন। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জন্য বরাদ্দকৃত স্থানটি স্থায়ী ভাবে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নামে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হলো।

<u>সিদ্ধান্ত-০৩</u>ঃ বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারী ২০২০ তারিখ উদযাপন উপলক্ষে কতিপয় ডিপ্লোমা কৃষিবিদ কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদের নামে আলোচনা সভায় খামারবাড়ি, ঢাকায় কৃষি তথ্য সার্ভিসের হলরুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক জনাব মোঃ হামিদুর রহমান ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নির্বাচিত সফল সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদদের প্রাণপ্রিয় নেতা জনাব এটিএম আবুল কাশেম কে নিয়া মিথ্যা ও আপত্তিকর বক্তব্য প্রদান করায় অত্র সভার পক্ষ থেকে তার বক্তব্যের তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হয়। সাথে সাথে এরূপ ঘৃণ্য, ষড়যন্ত্র মূলক বক্তব্য ও অনৈতিক কর্মকান্ড থেকে বিরত থাকার জন্য তাকে সর্তক করা হলো। তার বক্তব্যটির আইনগত বিশ্লেষণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

<u>সিদ্ধান্ত-০৪</u>ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদে পদোন্নতির জন্য ৫৬জন উপ-সহকারী কৃষি কর্মকর্তার তালিকা কৃষি মন্ত্রণালয় হয়ে পিএসসিতে প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয় দীর্ঘ ২বৎসর সময় ক্ষেপন করে পদোন্নতি ফাইলটি সচল করেন। এজন্য অত্র সভায় ক্ষোভ ও দুঃখ প্রকাশ করা হলো।

(খ) ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদে পরবর্তী পদোন্নতির জন্য আরও ৫০০টি সার্ভিস বহি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন, কৃষি ডিপ্লোমা সনদের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র খামারবাড়িতে আনয়নের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

<u>সিদ্ধান্ত-০৫</u>ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা কৃষিবিদ দের জন্য সংরক্ষিত ২০% শূন্য কোটায় কর্মরত সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তাদের পদোন্নতি না হওয়া পর্যন্ত উক্ত পদে চলতি দায়িত্বে পদায়ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

<u>সিদ্ধান্ত-০৬</u>ঃ বি.সি.এস কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে পদোন্নতির কোটা বর্তমান প্রচলিত ২০% এর স্থলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ৩৩.৩৪% উন্নিত করনের ব্যাপারে মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবনা পাঠানোর জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি

সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে বার বার নির্দেশনা দেওয়া সত্ত্বেও প্রস্তাবনা না পাঠানোর জন্য অদ্যকার সভা বিশেষভাবে ক্ষোভ প্রকাশ করছে এবং অনতিবিলম্বে পদোন্নতির কোটা ২০% থেকে ৩৩.৩৪% উন্নতি করনের প্রস্তাবনা প্রেরণসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

সিদ্ধান্ত-৭ঃ বিগত ২২/১০/২০১৮ইং তারিখে কৃষি মন্ত্রণালয় কর্তৃক উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের বেতন স্কেল ১০ম গ্রেডে উন্নিত করনের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনায় উপ-সহকারী কৃষি কর্মকর্তার পদে নতুন করে নিয়োগ দেওয়ার ক্ষেত্রে নিয়োগ বিধি সংশোধনের নির্দেশনা রয়েছে। সুতরাং অনতিবিলম্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধি মালা সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সহ মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়ের নিকট বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

সিদ্ধান্ত-০৮ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের বরাদ্দপত্র ও উহার ভাংতি বিবরণী বাস্তবায়নে সংশ্লিষ্ট কৃষক ও উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৯ঃ মুজিব বর্ষ পালনঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটি বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে সরকার কর্তৃক ঘোষিত সময়কালকে মুজিব বর্ষ হিসেবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সেই প্রেক্ষিতে মুজিব বর্ষ সুন্দর ও সুচারুভাবে পালন করার জন্য ৯(নয়) সদস্য বিশিষ্ট নিম্নরূপ মুজিব বর্ষ উদযাপন কমিটি গঠন করা হলোঃ-

| | | |
|---|---|---|
| ০১। আলাউদ্দিন আহমেদ | সিনিয়র সহ-সভাপতি | আহবায়ক |
| ০২। মোঃ আবুল বাসার | যুগ্ম মহাসচিব | সদস্য সচিব |
| ০৩। শেখ শহীদ মোঃ আব্বাছ | সাংগঠনিক সম্পাদক | সদস্য |
| ০৪। মোঃ আমজাদ হোসেন | সহ-সাংগঠনিক সম্পাদক | সদস্য |
| ০৫। মোহাম্মদ ইয়াহিয়া | দপ্তর সম্পাদক | সদস্য |
| ০৬। মোঃ সেলিম হোসেন ভূইয়া | চাকুরী ও আইন বিষয়ক সম্পাদক | সদস্য |
| ০৭। এইচএম কাওছার আহমেদ | তথ্য ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক | সদস্য |
| ০৮। বাবু দ্বিপায়ন বড়ুয়া | নির্বাহী সদস্য | সদস্য |
| ০৯। মোঃ ওবায়দুল্লাহ্ | নির্বাহী সদস্য | সদস্য |

সিদ্ধান্ত-১০ঃ কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত আলোকে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর গঠনতন্ত্রের ৫.১ ধারা মোতাবেক নিম্ন উল্লেখিত সদস্যদের পার্শ্বে বর্ণিত সাংগঠনিক ব্যবস্থা সমূহ অনুমোদনের জন্য জাতীয় কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্তে গৃহিত হলো।

| | |
|---|---|
| ক) মোহাম্মদ আপেল মাহমুদ, সাবেক প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক | সাময়িক বহিস্কার। |
| খ) এমরান আহমদ, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক(সিলেট অঞ্চল) | পদত্যাগপত্র অনুমোদন। |
| গ) মোঃ শহীদ রেজা, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক(যশোর অঞ্চল) | পদত্যাগপত্র অনুমোদন। |
| ঘ) মোঃ আবু সাঈদ, সাবেক শিক্ষা, প্রশিক্ষণ ও ছাত্র বিষয়ক সম্পাদক | পদত্যাগপত্র অনুমোদন। |

সিদ্ধান্ত-১১ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ২০১৯ সালের বার্ষিক ও কল্যাণ চাঁদাসহ সকল স্তরের সমুদয় বকেয়া চাঁদা পরিশোধ করার জন্য জেলা/সংস্থা শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক কে অনুরোধ করা হলো।

(খ) ..........................................................................................................................................................।

(গ) ..........................................................................................................................................................।

(ঘ) ..........................................................................................................................................................।

(ঙ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কেন্দ্রীয় তহবিল ২০১৯ সালের আয় ব্যয়ের হিসাব অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি দ্বারা এবং সিএ ফার্ম দ্বারা নিরীক্ষা করার সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১২ঃ বিবিধ

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ-এর কম্পিউটর অপারেটর পদে কর্মরত মোঃ আব্দুল মালেক এর মাসিক বেতন ১২,০০০/-(বার হাজার) টাকা থেকে ১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা এবং অফিস এটেনডেন্ট পদে কর্মরত মোঃ সোহাগ মিয়া এর মাসিক বেতন ৮,০০০/-(আট হাজার) টাকা থেকে ১০,০০০/-(দশ হাজার) টাকায় বৃদ্ধি করা হলো। এ সিদ্ধান্ত জানুয়ারী/২০২০ থেকে কার্যকর হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১১-৪৮৮৪২৫

স্মারক নং-২৩(৮০) তারিখঃ ২৪/০১/২০২০ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৫. মাননীয় সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৬. মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৮. মাননীয় মহাপরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/বি.জে.আর.আই/ বিনা/ বি.এস.আর.আই, ................................।
০৯. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী, ...........................।
১০. মাননীয় পরিচালক, ..........................................................................................।
১১. মাননীয় অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই), ...........................................।
১২. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৩. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
১৪. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ............... অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ................. উপজেলা শাখা, ................. জেলা।
১৬. জনাব ..........................................................................................।

28/01/2020
(মোঃ আবুল বাসার)
মহাসচিব (ভারপ্রাপ্ত)
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১৬-৬১৪৫৬৫